গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৯

# রাজশাহী গণগ্রন্থাগারে জুলাই শহিদ দিবস পালিত

রাজশাহী, ০১ শ্রাবণ (১৬ জুলাই):

আজ বুধবার (১৬ জুলাই) সকালে রাজশাহী বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারে জুলাই শহিদ দিবস–২০২৫ উপলক্ষ্যে পাঠচক্র, জুলাই স্মৃতিচারণ, পুস্তক প্রদর্শনী এবং জুলাই আন্দোলনের উপর প্রকাশিত পুস্তক সম্পর্কে পাঠকদের অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী নিউ গভ. ডিগ্রি কলেজের অধ্যক্ষ কালাচাঁদ শীল।

প্রধান অতিথি তাঁর বক্তৃতায় বলেন, আমরা জানি, বাঙালী জাতির ইতিহাস, আন্দোলন সংগ্রামের ইতিহাস এবং রক্তঝরা ইতিহাস। প্রতিটি প্রজন্মই অন্যায় অত্যাচারের বিরুদ্ধে গর্জে উঠেছিল এবং যুদ্ধে জয়ী হয়েছিল। আমরা একটি ভিন্নমাত্রার বাংলাদেশ দেখতে চাই, সোনার বাংলাদেশ গড়তে চাই।

কালাচাঁদ শীল বলেন, শুধুমাত্র বই পাঠ করলেই হবে না, তোমরা কেউ কেউ হয়তো রাজপথের লড়াই সংগ্রামে অংশগ্রহণ করেছ, কেউ বা দর্শকের ভূমিকায় থেকেছো, কেউ বা সমর্থন জুগিয়েছো– আজকে সেটা ইতিহাস হিসেবে লেখা হয়েছে। যারা হয়তো জানোনা ইতিহাস পড়ে জানবে। জানার পরে তোমরা কতটুকু ধারণ করতে পারবে তার উপরই নির্ভর করবে ভবিষ্যৎ বাংলাদেশ। কারণ তোমরাই আগামীর বাংলাদেশ, তোমরাই আগামীতে বাংলাদেশ গড়বে। এই আন্দোলন ছিল স্বৈরশাসন, অন্যায়-অত্যাচার, দুর্নীতি এবং বৈষম্যের বিরুদ্ধে। আমাদের ছাত্র সমাজ সামনের সারিতে থেকে রক্ত ঝরিয়েছে এবং জীবন দিয়েছে।

তিনি বলেন, তরুণ ছাত্র যুবকরা কখনোই আন্দোলন সংগ্রামকে ভয় পায় না, তাঁরা জীবন দিতে ভয় করে না। জীবনের মায়া ত্যাগ করে একটা সুন্দর ভবিষ্যৎ প্রজন্ম গড়ে তোলার জন্য তাঁরা যা করে, নিজের দেশকে ভালোবেসে করে। যারা চলে গেছে তাঁরা কিন্তু কোনো সুবিধা ভোগ করছে না, সুবিধা ভোগ করবে যারা বেঁচে থাকবে। তাদের দায়িত্ব হচ্ছে, যে উদ্দেশ্য ও আকাঙ্ক্ষা নিয়ে তাঁরা জীবন দিয়েছে সে উদ্দেশ্যকে বাস্তবায়ন করে কাজে পরিণত করা।

তিনি আরও বলেন, তাঁরা শোষণ, বৈষম্য, অন্যায়-অত্যাচার এবং দুঃশাসনের বিরুদ্ধে রাস্তায় নেমেছিল, জীবন দিয়েছিল। আমরা আগামী দিনে শোষণ, বৈষম্য, দুঃশাসনের বাংলাদেশ দেখতে চাই না, আমরা চাই দেশে সুশাসন ও জবাবদিহিমূলক শাসন ব্যবস্থা। তবে শুধুমাত্র কাগজ-কলমে বা যুক্তি-বিবৃতিতে নয়, আমরা আমাদের বিবেকের জবাবদিহিতা প্রতিষ্ঠা করতে চাই।

বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারের সহকারী পরিচালক মো. রোকনুজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

...................................................................
রুহুল/তৌহিদ/আতিক/স্মিতা/হালিম/২০২৫/১৫:৩০ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd